গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>সচিব (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ০৬/০৭/২০২৩ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.০০টা |
| স্থান | শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র-এর সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব বীর বাহাদুর উশৈসিং এমপি মহোদয় এবং উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রী মহোদয়ের সদয় অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় কর্মসূচীর আলোকে আগামী ১৫ আগস্ট ২০২৩ রোজ মঙ্গলবার জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের নিমিত্ত সভাপতি আলোচনা শুরু করার জন্য উপসচিব (প্রশাসন ১) কে অনুরোধ জানান। অত:পর জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত কর্মসূচীর সাথে সংগতি রেখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক কী কী কর্মসূচি পালন করতে হবে তা সভায় উপস্থাপন করা হয়।

০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় দিক নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থায় জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষ্যে নিম্নবর্ণিত করমসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২(১) | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র একং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অফিস ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র একং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অফিস ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | যুগ্মসচিব(উন্নয়ন)<br>উপসচিব(বা/প্র:২)<br>ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্স<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| ২(২) | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল, কোরআন খতম, ডকুমেন্টারি প্রদর্শন এবং আলোচনা সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবারজাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড ঢাকার প্রশাসনিক ভবনের সম্মখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি স্থাপন করতে হবে। | ক) যুগ্মসচিব(উন্নয়ন)<br>উপসচিব(বাজেট প্রশাসন-২) |
| | | খ) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড ঢাকার প্রশাসনিক ভবনের সম্মখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল স্থাপনের নিমিত্ত অনুমতি গ্রহণের লক্ষ্যে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট বরাবর পত্র প্রেরণ করতে হবে। | খ) যুগ্মসচিব (প্রশাসন) উপসচিব (প্রশাসন-১) |
| | | গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ০৮:৩০ টায় মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে। | গ) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী |
| | | ঘ) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকায় আলোচনা সভার আয়োজন করতে হবে। | ঘ) যুগ্মসচিব(প্রশাসন)<br>উপসচিব (প্র:-১) |
| | | ঙ) দোয়া মাহফিল পরিচালনার জন্য মিনিস্টারিয়াল এপার্টমেন্ট মসজিদের ইমামকে আমন্ত্রণ জানাতে হবে। | ঙ)যুগ্মসচিব(প্রশাসন)<br>উপসচিব (বাজেট/প্র:২)<br>ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর |
| | | চ) মিনিষ্ট্রিয়াল অ্যাপার্টমেন্ট মসজিদে পবিত্র কোরআন খতমের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চ) যুগ্মসচিব(প্রশাসন)<br>উপসচিব (বাজেট/প্র:২)<br>ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর |
| | | জ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ডকুমেন্টারি সংগ্রহ এবং প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জ)জনসংযোগ কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার, পাচবিম |
| ২(৩) | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকায় ল্যান্ডস্কেপ ব্যানার, ফুলের রিং ও ব্যানার , র্যালি ব্যানার এবং ব্যাক ড্রপ ব্যানার তৈরি/সংগ্রহ ও স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণের জন্য ০১টি ফুলের রিং, ফুলের রিং এর জন্য ০১টি ব্যানার, আলোচনা সভার জন্য ০১টি ব্যাকড্রপ ব্যানার তৈরি ও স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) যুগ্মসচিব (প্রশাসন); উপসচিব (প্রশাসন-১) এবং প্রশাসনিক কর্মকর্তা (প্র:-১) |
| | | খ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ০১ আগস্ট ২০২৩ তারিখ হতে প্রদর্শনের জন্য শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকায় ০১টি ল্যান্ডস্কেপ ব্যানার তৈরি ও স্থাপন করতে হবে। | খ) যুগ্মসচিব(উন্নয়ন)<br>উপসচিব(বাজেট প্রশাসন-২) |

| | | | |
|---|---|---|---|
| ২(৪) | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গাতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন ও আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহকে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জাতীয় শোক দিবসের কর্মসূচি গ্রহণ করতে হবে এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে উক্ত কর্মসূচীতে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড; মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ; প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্স; মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ |
| ২(৫) | তিন পার্বত্য জেলায় যেসকল এনজিও কার্যক্রম পরিচালনা করে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য উক্ত এনজিওদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | তিন পার্বত্য জেলায় যেসকল এনজিও কার্যক্রম পরিচালনা করে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য উক্ত এনজিওদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | যুগ্মসচিব(সমন্বয়)<br>সিসসচিব(সমন্বয়-২) |
| ২(৬) | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণের বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করবে। | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী |
| ২(৭) | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আগস্ট মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করার বিষয়ে আলোচনা হয়। | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের বিষয়ে আগস্ট/২০২৩ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>উপসচিব (প্রশাসন-১) |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমিনুল ইসলাম
সচিব (রুটিন দায়িত্ব)

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২১৩.২৩.০১৩.১৫.১০১

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০
১২ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

২) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৩) যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়


৪) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি

৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার (উপসচিব) দপ্তর, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স

৬) উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

৮) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
৯) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১০) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
১১) সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৩) সহকারী সচিব, পরিষদ-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৪) জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৬) সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৭) প্রশাসনিক কর্মকর্তা (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৮) ব্যক্তিগত কর্মকর্তা (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৯) হিসাবরক্ষক, হিসাব শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
২০) কম্পিউটার অপারেটর (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২১) সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২৩) ক্যাশিয়ার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২৪) অফিস সহায়ক (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা



সজল কান্তি বনিক
উপসচিব